দৈনিক খবর

তারিখ: ১৮ [illegible]
পৃষ্ঠা: ... কলাম: ...

# এসএসসি পরীক্ষায় চুরি যাওয়া খাতা উদ্ধার

ঝিনাইদহ, ১৮ই জুন (সংবাদদাতা)।– পরীক্ষা শেষে হল থেকে চুরি করে নিয়ে যাওয়া এসএসসি পরীক্ষার উত্তর পত্রখানি উদ্ধার করা হয়েছে।

গত ১৭ই মে অংকে পরীক্ষা শেষে শৈলকুপা হাই স্কুল পরীক্ষা কেন্দ্রের ৩ নং রুমের পরীক্ষার্থী মোঃ তোয়াক্কেল হোসেন (রোল নং-৪৬৪) উত্তর পত্র জমা না দিয়ে বাড়ী নিয়ে যায়। উত্তর পত্র উদ্ধারের সব প্রচেষ্টা ব্যর্থ হলে কেন্দ্র সচিব থানায় অভিযোগ জানালে পুলিশ তোয়াক্কেলকে আটক করে এবং তার কাছ থেকে উত্তর পত্র উদ্ধার করে। সে উমেদপুর উচ্চ বিদ্যালয়ের ছাত্র।